

একই স্মারক ও তারিখ প্রতিস্থাপিত

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

১, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং- ০৪.০১.২৯০০.৬১৪.০১.০৯৪.১৭/

তারিখ- ২৮/৮/২০১৯

বিষয় : মামলা (এজাহার) দায়ের প্রসঙ্গে।

সূত্র : (১) দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকার স্মারক নং-০৪.০১.২৯০০.৭০১.০৩.০২০.১৮-১০২৬,  
তারিখ-২২/৭/২০১৯ খ্রি:

(২) দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর এর স্মারক নং-২২৫২, তারিখ: ৩০/৫/২০১৯ খ্রি: এবং  
দুদক, সজেকা, ফরিদপুর এর ই/আর নং- ০১/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাপ্ত অনুসন্ধান প্রতিবেদন পর্যালোচনাতে নিম্নোক্ত ব্যক্তির বিরুদ্ধে দাখিলকৃত সম্পদ বিবরণীতে ১,৬০,২৬,৫৮৫/-টাকা মূল্যের স্থাবর ও অস্থাবর সম্পদের তথ্য গোপন এবং ৩,৪৩,৮৫,৪৯৭/-টাকা মূল্যের জ্ঞাত আয়ের উৎস বহির্ভূত অবৈধ সম্পদ অর্জন ও দখলে রাখার অপরাধে নিম্নোক্ত ধারায় ০১(এক)টি মামলা (এজাহার) দায়েরের জন্য কমিশন কর্তৃক অনুমোদন দেয়া হয়েছে :

নাম পদবী ও ঠিকানা	অপরাধের ধারা
জনাব মোঃ মিজানুর রহমান মোল্লা, পিতা-আবুল হোসেন, গ্রাম-কদমী, পোস্ট- রূপাপাত-৭৮৬১, উপজেলা-বোয়ালমারী, জেলা-ফরিদপুর।	দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২) ও ২৭(১) ধারা।

২. এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক মামলা রুজুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে মামলা রুজুর পর তদন্তকারী কর্মকর্তা নিয়োগের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শেখ ফাইয়াজ আলম

উপপরিচালক (অনু: ও তদন্ত-১)

পরিচালক

দুর্নীতি দমন কমিশন

বিভাগীয় কার্যালয়, ঢাকা।

স্মারক নং- ০৪.০১.২৯০০.৬১৪.০১.০৯৪.১৭/৩৩৪৫১/১(৬)

তারিখ-২৮/৮/২০১৯ খ্রি:

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা, মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর।
৫. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অফিস নথি।

শেখ ফাইয়াজ আলম

উপপরিচালক (অনু: ও তদন্ত-১)